তারিখ ... 21 SEP 2016 ...
পৃঃ ... 6 ... কলাম ... 2 ......

যুগান্তর

## যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

যশোর-৭৪০৮

স্মারক নং-যবিপ্রবি/রেজিঃ (একাঃ)/ভর্তি বিজ্ঞপ্তি (২০১৬)/১৩১৮/১৬-১০০৪৭ — তারিখঃ ১৮/০৯/২০১৬ খ্রিঃ

# ভর্তি বিজ্ঞপ্তি-২০১৬

## ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে স্নাতক (ইঞ্জিঃ/সম্মান) ১ম বর্ষে ছাত্র-ছাত্রীর ভর্তি বিজ্ঞপ্তি ঃ

১। যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে নিম্নোক্ত কোর্সসমূহে ১ম বর্ষে ভর্তির জন্য নির্ধারিত যোগ্যতা সম্পন্ন শিক্ষার্থীদের নিকট থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আবেদন আহ্বান করা যাচ্ছে

- ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক (ইঞ্জি:/সম্মান) এবং
- ০৫ (পাঁচ) বছর মেয়াদী বি ফার্ম (প্রোফেশনাল)

আবেদনের সময় : ২০/০৯/২০১৬ তারিখ দুপুর ১২.০০টা হতে ২২/১০/২০১৬ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত (যে কোন সময়ে) আবেদন করা যাবে।

২। আবেদন করার সাধারণ যোগ্যতা ও শর্তাবলী ঃ

(ক) প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। বিদেশী/অনাবাসিক বাংলাদেশি (NRB) ছাত্র-ছাত্রীরাও ভর্তি হতে পারবে তবে তাদের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত টিউশন ফি দিতে হবে। বিদেশী/NRB ছাত্র-ছাত্রীদের বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.just.edu.bd)-এর Admission Link-এ প্রদত্ত তথ্য অনুযায়ী আবেদন করতে হবে।

(খ) A, B, C ইউনিটের জন্য ২০১৫ ও ২০১৬ সালে বিজ্ঞান/কৃষি বিজ্ঞান থেকে এইচএসসি/আলিম/এ লেভেল/সরকার অনুমোদিত চার বছর মেয়াদী ডিপ্লোমা উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরাই কেবল ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে। D, E ও F ইউনিটের জন্য ২০১৫ ও ২০১৬ সালে বিজ্ঞান/বাণিজ্য/মানবিক ও কৃষি বিজ্ঞান বিভাগের এইচএসসি/ সরকার অনুমোদিত চার বছর মেয়াদী ডিপ্লোমা পরীক্ষায় পাসকৃত ছাত্র-ছাত্রীরা আবেদন করতে পারবে।

(গ) ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালে পাসকৃত সংশ্লিষ্ট বিষয়ে 'বি' গ্রেডসহ (৪.০ পয়েন্ট স্কেলে ৩.০) মোট ৬.৫ পয়েন্টপ্রাপ্ত সরকার অনুমোদিত ৪ বছর মেয়াদী ডিপ্লোমাধারী সকল ইউনিটে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

(ঘ) সকল ইউনিটের জন্য জিসিই/ 'ও' লেভেল এবং 'এ' লেভেল উত্তীর্ণ প্রার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য জিসিই/ 'ও' লেভেল পরীক্ষায় কমপক্ষে ৫টি বিষয়ে গড়ে বি গ্রেড এবং 'এ' লেভেল পরীক্ষায় কমপক্ষে ৩টি বিষয়ে গড়ে বি গ্রেড পেয়ে পাস করতে হবে।

(ঙ) ০৬টি ইউনিটের বিভাগসমূহের আসন সংখ্যা, ন্যূনতম জিপিএ ও অত্যাবশ্যকীয় শর্তাবলী এবং পরীক্ষার ফিস নিম্নরূপঃ

| ইউনিট (মোট আসন সংখ্যা) | বিভাগসমূহ (২০১৬-১৭ সালে নির্ধারিত আসন সংখ্যা) | ন্যূনতম জিপিএ ও অত্যাবশ্যকীয় শর্তাবলী | পরীক্ষার ফিস |
|---|---|---|---|
| A ইউনিট (মোট ০৬টি বিভাগ) (২২৫) | ১. কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল (CSE) (৫০),<br>২. কেমিকৌশল (ChE) (৪০),<br>৩. ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং (IPE) (৩৫),<br>৪. পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং (PME) (৩৫),<br>৫. ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (EEE) (৩৫),<br>৬. বায়ো-মেডিকেল ইঞ্জিনিয়ারিং (BME) (৩০) | ❖ এসএসসি / সমমান ও এইচএসসি / সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ মোট জিপিএ ৭.০০ থাকতে হবে।<br>❖ কেমিকৌশলের ক্ষেত্রে এইচ.এস.সি / সমমান পরীক্ষায় রসায়নে (A-) থাকতে হবে।<br>❖ বায়ো-মেডিকেল ইঞ্জিনিয়ারিং-এর ক্ষেত্রে এইচ.এস.সি / সমমান পরীক্ষায় বায়োলজিতে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে।<br>❖ অন্য বিভাগগুলোর ক্ষেত্রে পদার্থ বিজ্ঞান ও গণিত-এ ন্যূনতম (A-) থাকতে হবে। | ৭৫০/- |
| B ইউনিট (মোট ০৪টি বিভাগ) (১৬০) | ১. অণুজীব বিজ্ঞান (MB) (৪০)<br>২. ফিশারীজ এন্ড মেরিন বায়োসায়েন্স (FMB) (৪০)<br>৩. জিন প্রকৌশল ও জীব প্রযুক্তি (GEBT) (৪০)<br>৪. ফার্মেসী (Pharm) (৪০) | ❖ এসএসসি / সমমান ও এইচএসসি / সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ মোট জিপিএ ৭.০০ থাকতে হবে।<br>❖ এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞান ও রসায়নে ন্যূনতম (B) থাকতে হবে। | ৭০০/- |
| C ইউনিট (মোট ০৬টি বিভাগ) (২০৫) | ১. পরিবেশ বিজ্ঞান ও প্রযুক্তি (EST) (৪৫)<br>২. পুষ্টি ও খাদ্য প্রযুক্তি (NFT) (৪০)<br>৩. পদার্থ বিজ্ঞান (Phy) (৩০)<br>৪. রসায়ন (Chem) (৩০)<br>৫. গণিত ও পরিসংখ্যান (Math) (৩০)<br>৭. এ্যাগ্রো প্রোডাক্ট প্রসেসিং টেকনোলজি (APPT) (৩০) | ❖ এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ মোট জিপিএ ৬.৫০ থাকতে হবে।<br>❖ এনএফটি বিভাগে ভর্তির ক্ষেত্রে এইচএসসি/সমমান পর্যায়ে জীব বিজ্ঞানে জিপিএ ৩.০০ থাকতে হবে।<br>❖ পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং গণিত ও পরিসংখ্যান বিভাগের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে জিপিএ ৩.০০ থাকতে হবে | ৭০০/- |
| D ইউনিট (মোট ০১টি বিভাগ) (৪০) | ১. ইংরেজী (Eng) (৪০) | এসএসসি / সমমান ও এইচএসসি / সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ আলাদাভাবে ন্যূনতম ৩.০০ সহ মোট জিপিএ ৬.০০ থাকতে হবে। | ৪০০/- |
| E ইউনিট (মোট ০১টি বিভাগ) (৪০) | ১. শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান (PESS) (৪০) | এসএসসি / সমমান ও এইচএসসি / সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ আলাদাভাবে ন্যূনতম জিপিএ ২.৫০ সহ মোট জিপিএ ৬.০০ থাকতে হবে। | ৫০০/- |
| F ইউনিট (মোট ০১টি বিভাগ) (৪০) | ১. এ্যাকাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেম (AIS) (৪০)<br>(বিজ্ঞান বিভাগের জন্য ১০টি,<br>মানবিক বিভাগের জন্য ০৫টি এবং<br>বাণিজ্য বিভাগের জন্য ২৫টি আসন) | এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ মোট জিপিএ বিজ্ঞান বিভাগের জন্য ৭.০০, মানবিক বিভাগের জন্য ৬.০০ এবং বাণিজ্য বিভাগের জন্য ৬.৫০ থাকতে হবে। | ৪০০/- |

❖ উপরোক্ত আসন ছাড়াও মোট আসনের ৫% মুক্তিযোদ্ধা সন্তানদের জন্য, ১% আদিবাসীদের জন্য, ১% প্রতিবন্ধীদের জন্য এবং ১% যবিপ্রবিতে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর জন্য (কেবলমাত্র ছেলে/মেয়ে) পোষ্য কোটা।

৩। ভর্তি পরীক্ষার তারিখ ও সময়ঃ

| সময় | সকাল ৯.৩০-১১.০০ | দুপুর ১২.৩০-২.০০ | বেলা ৩.৩০-৫.০০ |
|---|---|---|---|
| ০৬/১১/২০১৬, রবিবার | D ইউনিট | E ইউনিট | F ইউনিট |
| ০৭/১১/২০১৬, সোমবার | A ইউনিট | B ইউনিট | C ইউনিট |

৪। ভর্তি পরীক্ষার স্থান ঃ

ভর্তি পরীক্ষার (০৩) তিনদিন আগে পরীক্ষার স্থান www.just.edu.bd অথবা just.cloudonebd.com ওয়েবসাইট থেকে জানা যাবে।

৫। **Help Line:**

❖ ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্যবলী www.just.edu.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

(প্রকৌশলী মোঃ আহসান হাবীব)
রেজিস্ট্রার
ও
সদস্য-সচিব, ভর্তি কমিটি (২০১৬-১৭)
যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

ডিজি-১৫২৬/১৬ (১০"×৪)